

প্রাইম ইউনিভার্সিটি : সার্টিফিকেট বিক্রয় কেন্দ্র

সাইফউদ্দীন আহমেদ সেনিন কিশোরগঞ্জ

তিন বছর ধরে অবৈধভাবে শিক্ষার নামে ব্যবসা চালিয়ে যাচ্ছে প্রাইম ইউনিভার্সিটির কিশোরগঞ্জ ক্যাম্পাস। কিশোরগঞ্জ শহরের নীলগঞ্জ রোডের জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট এম এ রশীদের একটি চারতলা বাসা রশীদ টাওয়ারকে ক্যাম্পাস বানিয়ে অবৈধ এ ব্যবসা দাপটের সঙ্গে চালিয়ে এলেও স্থানীয় প্রশাসন টু শব্দটি করেনি, বরং অনেক ক্ষেত্রে পৃষ্ঠপোষকতা দিয়েছে। প্রশাসনের নানা স্তরের কর্মকর্তা থেকে শুরু করে বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা প্রভাব খাটিয়ে এবং অনৈতিক সুবিধা দিয়ে এখন থেকে উচ্চ শিক্ষার সার্টিফিকেট হাতিয়ে নিচ্ছেন। ফলে প্রাইম কর্তৃপক্ষ অবাধে ব্যবসা চালিয়ে এলেও কেউই এর বিরুদ্ধে কথা বলেনি।

২০০৪ সালে তৎকালীন জোট সরকারের শরিক দল জামায়াতে ইসলামীর কিশোরগঞ্জ জেলা শাখার সেক্রেটারি মোসাদ্দেক ডুয়া স্থানীয় ওয়ামী নেওয়াজ খান কলেজে শিক্ষকতা করার সময় রশীদ টাওয়ার ভবনে প্রাইম ইউনিভার্সিটির কিশোরগঞ্জ ক্যাম্পাস চালু করেন। এতে এলএলবি, বিবিএ, এমবিএসহ উচ্চ শিক্ষার বিভিন্ন কোর্স চালু করেন। তখন থেকেই তার প্রভাবে ওয়ামী নেওয়াজ খান কলেজ ছেড়ে অনেক ছাত্রছাত্রী প্রাইম ইউনিভার্সিটিতে এসে ভর্তি হতে থাকে। পাশপাশি প্রশাসনের বিভিন্ন স্তরের কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, ব্রেক এফ স্টাডিতে থাকা অনেক বয়স্ক লোক সহজে এলএলবিসহ উচ্চ শিক্ষা

সার্টিফিকেট নেয়ার জন্য প্রাইম ক্যাম্পাসে ছুটে যান।

জানা গেছে, ক্যাম্পাস হিসেবে ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের (ইউজিসি) অনুমোদন ছাড়াই প্রতিষ্ঠানটি এবানে ছাত্রছাত্রী ভর্তি ও পরীক্ষা নিয়ে আসছে। আর এসব পরীক্ষায় প্রাইম কর্তৃপক্ষ অবাধে নকলের সুযোগ দিয়ে মোটা অঙ্কের টাকায় সার্টিফিকেট বাণিজ্য শুরু করেন। আর এ সুযোগে বছরের পর বছর

কর্তৃপক্ষ তার ওপর রুঢ় আচরণ করে। তিনি আরো জানান, এখানে এমন শিক্ষার্থীদের দিয়েও ক্লাস নেয়া হয়েছে, যাদের ছুল বা কলেজ পর্যায়ে শিক্ষকতা করার যোগ্যতাও নেই।

গত ১৫ জুন রাতে এলএলবি শেষ বর্ষের সাক্ষ্য আইন এবং এমবিএ শেষ বর্ষের মার্কেটিং ম্যানেজমেন্ট ও সার্ভিস মার্কেটিং পরীক্ষা চলাকালে যৌথ বাহিনীর একটি দল এবং প্রশাসনের কর্মকর্তারা হল পরিদর্শনে

পালিয়ে যান। ওই দুজন সরকারি কর্মকর্তা সংশ্লিষ্ট উপস্থিত কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই পরীক্ষা দিচ্ছিলেন বলে প্রাইম ইউনিভার্সিটি কিশোরগঞ্জ ক্যাম্পাসের চেয়ারম্যান মোসাদ্দেক ডুয়া জানিয়েছেন। তবে সদরের ইউএনওকে জিজ্ঞাসা করলে তিনি প্রাইমে এমবিএর পরীক্ষার্থী থাকার কথা অস্বীকার করেন।

এ ঘটনার পর প্রফেসর ড. তারেক শামসুর রেহমানের নেতৃত্বে ইউজিসির একটি তদন্ত কমিটি গত ১৭ জুন কিশোরগঞ্জে এসে সরেজমিন তদন্ত করে। ওই তদন্ত কমিটির গঠিত রিপোর্ট ইউজিসি কর্তৃপক্ষ গত ২৬ জুন শিক্ষা মন্ত্রণালয়ে পেশ করে। তদন্ত রিপোর্ট সূত্রে জানা গেছে, গত তিন বছরে প্রাইম ইউনিভার্সিটির কিশোরগঞ্জ ক্যাম্পাস ১ কোটি ৫০ লাখ টাকা উপার্জন করেছে। এ সময়ের মধ্যে প্রাইমের টাকা ক্যাম্পাস কর্তৃপক্ষ প্রদান করেছে ৬৮ লাখ ৪০ হাজার টাকা। তদন্ত রিপোর্টে ছয় নফা সুপরিশ পেশ করা হয়।

এদিকে প্রাইম ইউনিভার্সিটির কিশোরগঞ্জ ক্যাম্পাস থেকে এলএলবি পাস করে সনদ গ্রহণকারী আইনজীবীদের কিশোরগঞ্জ কোর্টে আইন পেশা চালানোর অনুমতি দেয়া হবে না বলে সিদ্ধান্ত নিয়েছে জেলা আইনজীবী সমিতি। প্রাইম সূত্রে জানা গেছে, গত তিন বছরে এ ক্যাম্পাস থেকে ১৪১ জনকে এলএলবি, ১১ জনকে এমবিএ ও ১৭ জনকে বিবিএ সনদ প্রদান করা হয়েছে। বর্তমানে এ ক্যাম্পাসে এলএলবি, এমবিএ, বিবিএসহ ছয়টি উচ্চতর বিষয়ে ৪৫০ জন ছাত্রছাত্রী ভর্তি রয়েছে।



কিশোরগঞ্জ শহরের নীলগঞ্জ রোডের জেলা আওয়ামী লীগ সহ-সভাপতি অ্যাডভোকেট এম এ রশীদের একটি চারতলা বাসা রশীদ টাওয়ারকে ক্যাম্পাস বানিয়ে অবৈধ এ ব্যবসা দাপটের সঙ্গে চালিয়ে এলেও স্থানীয় প্রশাসন টু শব্দটি করেনি, বরং অনেক ক্ষেত্রে পৃষ্ঠপোষকতা দিয়েছে

ব্রেক এফ স্টাডিতে থাকা বয়স্ক লোক, প্রশাসনের কর্মকর্তাসহ সমাজের নানা শ্রেণী-পেশার মানুষ প্রাইমে ভর্তি হয়ে ক্লাস না করেও সার্টিফিকেট হাতিয়ে নেয়ার এ সুযোগ গ্রহণ করেন। যেসব শিক্ষক নকলের প্রতিবাদ করেছেন তারা প্রাইম কর্তৃপক্ষের রোযানলে পড়েছেন এমন অভিযোগও রয়েছে বিস্তর। এ ব্যাপারে প্রাইমের এক সাবেক শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে জানান, একটি পরীক্ষায় অবাধে নকলের প্রতিবাদে এবং কয়েকজন পরীক্ষার্থীকে হাতেনাতে নকল ধরায় প্রাইম

যান। তারা পরীক্ষার হল থেকে বেশ কিছু বই ও নকল উদ্ধার এবং দুজন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করেন। পরিদর্শন টিম পরীক্ষার হলে কিশোরগঞ্জ জেলা পরিষদের সাবেক প্রধান নির্বাহী আবদুল মতিনকে (বর্তমানে কল্লাবাজারে কর্মরত) এমবিএ পরীক্ষা দিতে দেখেন। অপরদিকে এ অভিযানের পূর্বাভাস পেয়ে একই বিভাগের পরীক্ষার্থী কিশোরগঞ্জ সদরের ইউএনও শাহনেওয়াজ দিলরুবা খান এবং ক্রিমগঞ্জের এসি (ল্যাভ) শাহ আলম পরীক্ষার খাতা রেখে হল থেকে